



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রশাসন ও সমন্বয় অনুবিভাগ
প্রশাসন-১ অধিশাখা



অর্থ বিভাগের সিটিজেন চার্টার বাস্তবায়নে গঠিত পরিবীক্ষণ কমিটির
ত্রৈমাসিক (এপ্রিল-জুন, ২০২২) সভার কার্যবিবরণী।

সভাপতি : মুশী আবদুল আহাদ
(মুস্তাফিউল্লাহ বাজেট ও পরিকল্পনা)
তারিখ ও সময় : ২৮ জুন, ২০২২ খ্রি; সকাল ১০.০০ টা
স্থান : মুস্তাফিউল্লাহ বাজেট ও পরিকল্পনা মহোদয়ের অফিস কক্ষ
(কক্ষ নং ১৬০১, ১৬তলা, ভবন নং-১১)

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা নিম্নে প্রদান করা হলো:

- (১) জনাব মনির হোসেন চৌধুরী, উপসচিব (প্রশাসন-২), অর্থ বিভাগ।
- (২) জনাব আবু দাইয়ান মোহম্মদ আহসানউল্লাহ, উপসচিব (সাম-পূর্বাভাস), অর্থ বিভাগ।
- (৩) জনাব সারোয়ার আহমেদ সালেহীন, উপসচিব (প্রশাসন-৪) ও সদস্য সচিব, অর্থ বিভাগ।
- (৪) জনাব মো: আব্দুর রাজ্জাক, উপহিসাব মহানিয়ন্ত্রক, সিজিএ’র কার্যালয়।
- (৫) জনাব মো: আব্দুস সালাম শাহ, সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।

২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি বলেন, অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টার গত ১৬/০৬/২০২২ খ্রি: তারিখে হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করা হয়েছে। এটি প্রতি তিন মাস অন্তর হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। তিনি বলেন, জনগণকে আরো কম সময়ের মধ্যে সেবা প্রাপ্তি নিশ্চিত করার জন্য হালনাগাদকৃত সিটিজেন চার্টারে পূর্বের যে সকল সেবার বিপরীতে মাত্রাতিরিক্ত সময় উল্লেখ করা হয়েছিল সেসকল সেবার বিপরীতে সময় কমিয়ে আনার জন্য তিনি ধন্যবাদ জানান। অর্থ বিভাগের অধিনস্থ সিজিএ’র কার্যালয়ের সিটিজেন চার্টার অতি দুর্ত হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার ওপর তিনি গুরুত্বারূপ করেন। সভায় যোগদানকৃত সিজিএ কার্যালয়ের ডিসিজিএ জনাব মো: আব্দুর রাজ্জাক বলেন, আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টারটি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে।


৩। অতঃপর সভাপতির অনুমতিক্রমে উপসচিব জনাব সারোয়ার আহমেদ সালেহীন অর্থ বিভাগের বিদ্যমান সিটিজেন চার্টারটি পর্যালোচনার জন্য সভায় উপস্থাপন করেন। তিনি বলেন, অর্থ বিভাগের সিটিজেন চার্টার প্রতি তিনমাস অন্তর হালনাগাদ করা হচ্ছে এবং সংশ্লিষ্ট সেবার বিপরীতে সেবা প্রদানের সময়সীমা কমিয়ে আনা হয়েছে। সভায় উপস্থিত সদস্যবৃন্দ আলোচনায় অংশগ্রহণ করেন। উপস্থাপিত ত্রৈমাসিকভিত্তিতে হালনাগাদকৃত (এপ্রিল-জুন, ২০২২) সিটিজেন চার্টারটি পরীক্ষা নিরীক্ষা করা হয়।

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৪। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

- ৪.১। প্রতি তিন মাস অন্তর হালনাগাদকৃত সিটিজেন চার্টার এবং পরিবীক্ষণ কমিটির কার্যক্রম মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ অব্যাহত রাখতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)।
- ৪.২। নির্ধারিত সময়ের মধ্যে নাগরিকদের সেবা প্রদানে সচেষ্ট থাকতে হবে।
(সংশ্লিষ্ট সকল কর্মকর্তা)
- ৪.৩। আগামী ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে সিজিএ কার্যালয়ের সিটিজেন চার্টারটি হালনাগাদ করে ওয়েবসাইটে আপলোডপূর্বক অর্থ বিভাগকে অবহিত করতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব, প্রশাসন-২ ও সিজিএ'র কার্যালয়)।
- ৪.৪। অর্থ বিভাগের সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটির আগামী সভাগুলোতেও হিসাব মহানিয়ন্ত্রক (সিজিএ) এর কার্যালয়ের একজন উপযুক্ত প্রতিনিধিকে (৫ম গ্রেডের নিচে নয়) উপস্থিত থাকার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।
(বাস্তবায়নে-উপসচিব ও ফোকাল পয়েন্ট, সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি)।

৫। সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(মুল্লী আব্দুল আহাদ)
যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা)
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-০৭.০০.০০০০.০৮১.৩৬.০০৭.২০.১৭১৬

তারিখ : ২৯/০৬/২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

- ১। সচিব, সমষ্টি ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দ্রঃ আ: উপসচিব, সুশাসন অধিশাখা, পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড)
- ২। হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহা নিয়ন্ত্রকের কার্যালয়, হিসাব ভবন, সেগুনবাণিচা, ঢাকা।
- ৩। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা/বাজেট ও পরিকল্পনা-১ অধিশাখা, অর্থ বিভাগ।
- ৪। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, অর্থ বিভাগ।
- ৫। সভায় উপস্থিত কর্মকর্তা....., অর্থ বিভাগ।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, এফএসএমইউ, অর্থ বিভাগ।
(কার্যবিবরণীটি অর্থ বিভাগের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৭। অর্থ বিভাগের সকল কর্মকর্তা।
- ৮। অতিরিক্ত সচিব (প্রশাসন ও সমষ্টি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।
- ৯। যুগ্মসচিব (বাজেট ও পরিকল্পনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, অর্থ বিভাগ।



(সারোবর্ষীর আহমেদ সালেহীন)
উপসচিব ও ফোকাল পয়েন্ট
সিটিজেন চার্টার পরিবীক্ষণ কমিটি
ফোন : ২২৩৩৫৫০৩৭